যুগান্তর

তারিখ 19 APR 2017
পৃষ্ঠা 2 কলাম 9

চট্টগ্রাম বোর্ড

# টেস্টের প্রশ্নে এইচএসসি পরীক্ষা!

যুগান্তর রিপোর্ট

এবার কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নে নেয়া হল এইচএসসি পরীক্ষা। ১২ এপ্রিল অনুষ্ঠিত চট্টগ্রাম বোর্ডের ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা প্রথমপত্রের প্রশ্নটি হুবহু ঢাকা কমার্স কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নের সঙ্গে মিলে গেছে।

সংশ্লিষ্টরা জানিয়েছেন, কমার্স কলেজের ওই প্রশ্নপত্র পাঞ্জেরীসহ বিভিন্ন প্রকাশনা প্রতিষ্ঠানের টেস্ট পেপারেও প্রকাশ করা হয়। ১২ এপ্রিল পরীক্ষার পর শিক্ষার্থীদের মধ্যে এ নিয়ে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। অনেকেই এ নিয়ে ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে মন্তব্য করেন।

তাদের মধ্যে 'ম' আদ্যাক্ষরের এক ছাত্র যুগান্তরের ফেসবুকে যোগাযোগ করেন। তিনি লেখেন, 'বরাবর, সম্পাদক। আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ই এপ্রিল আমাদের Finence-1st. paper পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এ porikhar প্রশ্নপত্রে ঢাকা কমার্স কলেজ এর test exam-এর প্রশ্ন হুবহু নকল করা হয়েছে। আমাদের সরকার যদি প্রশ্ন ফাঁসের ব্যাপারে এতই সতর্ক থাকেন, তাহলে ৪ মাস আগে অনুষ্ঠিত কোনো পরীক্ষার প্রশ্ন কীভাবে board exam-এ হুবহু তুলে দেয়া হয়। আমি বাংলাদেশের সকল শিক্ষার্থীদের পক্ষে এর সঠিক জবাব চাই।। আশা করছি আমার কথাগুলো আপনাদের দৃষ্টি আকর্ষণ করবে। আমি এর প্রমাণস্বরূপ কিছু ছবি পাঠাচ্ছি...।'

পরে খোঁজ নিয়ে জানা যায়, ওই প্রশ্নে চট্টগ্রাম বোর্ডে পরীক্ষা হয়েছে। সৃজনশীল এবং এমসিকিউ উভয় অংশের প্রশ্নই মিলে গেছে। এ ব্যাপারে ওই বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক শাহেদা ইসলাম যুগান্তরকে বলেন, 'আমরা প্রথমে এ ব্যাপারে ফেসবুক থেকে তথ্য পেয়েছি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রোগ্রামার কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর